**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 11/16/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেটে ট্রান্সজেন্ডার সচেতনতা মাস উদযাপন করে ইস্তেহার জারি করলেন

***ঘোষণাপত্রটি [এখানে]() পড়ুন***

***স্টেটের ল্যান্ডমার্কসমূহ ট্রান্সজেন্ডার স্মৃতি দিবসের সম্মানে 20 নভেম্বর আলোকিত করা হবে***

***পাবলিক সার্ভিস ঘোষণা, যা ট্রান্সজেন্ডার এবং লিঙ্গ নন-কনফর্মিং নিউ ইয়র্কবাসীদের বৈষম্য থেকে রক্ষা করতে কর্মক্ষেত্রে তাদের অধিকারসমূহের উপর আলোকপাত করে, তা উপলভ্য আছে [এখানে]()***

গভর্নর ক্যাথি হোকল নভেম্বরকে ট্রান্সজেন্ডার সচেতনতার মাস (Transgender Awareness Month) হিসেবে ঘোষণা করে একটি [ইস্তেহার জারি করেছেন]() নিউ ইয়র্ক স্টেটে এবং পুরো দেশের ট্রান্স সম্প্রদায়কে উদযাপন করার জন্য। গভর্নর এছাড়াও ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেটের ল্যান্ডমার্কসমূহ 20 নভেম্বর, রবিবার, ট্রান্সজেন্ডার স্মৃতি দিবসের (Transgender Day of Remembrance) সম্মানে গোলাপি, সাদা ও হালকা নীল রঙের আলোতে আলোকিত করা হবে।

"এই নভেম্বরে, আমি ট্রান্সজেন্ডার সচেতনতার মাস উদযাপন করতে পেরে গর্বিত যারা ট্রান্সজেন্ডার সম্প্রদায় আমাদের স্টেটে যেই অগণিত অবদান রেখেছে তার উপর আলোকপাত করে," **গভর্নর হোকল বলেন।** "ট্রান্সজেন্ডার স্মৃতি দিবসের পাশাপাশি, এটি ট্রান্সজেন্ডার, লিঙ্গ নন-কনফর্মিং এবং নন-বাইনারি মানুষ পুরো বিশ্বে যে বৈষম্য ও আক্রমণের সম্মুখীন হয় সেই ব্যাপারে সচেতনতা বৃদ্ধি করারও একটি সুযোগ। আমার প্রশাসন ট্রান্সজেন্ডার সম্প্রদায়ের পাশেই থাকবে এবং আমরা লড়াই করছি নিশ্চিত করার জন্য যাতে সকল নিউ ইয়র্কবাসী তাদের প্রাপ্য মর্যাদা ও সমতা নিয়ে বাঁচতে পারে।"

গভর্নর হোকল লেসবিয়ান, গে, বাইসেকসুয়াল, ট্রান্সজেন্ডার, কুইয়ের+ (Lesbian, Gay, Bisexual and Transgender, Queer+, LGBTQ+) সম্প্রদায়ের একজন অবিচল অ্যাডভোকেট হয়ে আছেন। তার প্রথম বাজেটে, গভর্নর হোকল আইনসভার সাথে কাজ করেছেন LGBTQ+ স্বাস্থ্য ও মানবসেবার তহবিলের জন্য একটি ঐতিহাসিক 13.5 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ যোগ

করার জন্য এবং এছাড়াও স্টেট এজেন্সিগুলির জন্য সকল স্টেট ফর্মে, যেখানে এ ধরনের তথ্য সংগৃহীত হয়, সেখানে জনগণের জন্য একটি "X" লিঙ্গ নির্ধারণ উপলভ্য করা আবশ্যক করেছেন। এছাড়াও গভর্নর হোকল LGBTQ+ নিউ ইয়র্কবাসীদের সমর্থনে মুখ্য বিধিমালা স্বাক্ষর করেছেন, যার মধ্যে রয়েছে লোরেনা বোর্জাস ট্রান্সজেন্ডার সুস্থতা এবং সমতা তহবিল (Lorena Borjas Transgender Wellness and Equity Fund) এবং লিঙ্গ অন্তর্ভুক্তিকর ব্যালট অ্যাক্ট (Gender Inclusive Ballot Act) রয়েছে।

এছাড়াও গভর্নর হোকল আজকে ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেট মানবাধিকার ডিভিশন (New York State Division of Human Rights) একটি পাবলিক সার্ভিস ঘোষণা (public service announcement, PSA) তৈরি করছে মার্কিন সমতার কর্মচারী সুযোগ কমিশনার (U.S. Equal Employment Opportunity Commissioner) এবং নিউ প্রাইড এজেন্ডার (New Pride Agenda) সাথে মিলে , কর্মক্ষেত্রে ট্রান্সজেন্ডার ও লিঙ্গ নন-কনফর্মিং মানুষকে বৈষম্যের হাত থেকে রক্ষা করতে তাদের অধিকারের ব্যাপারে। PSA সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে চলবে ট্রান্সজেন্ডার সচেতনতা মাস এবং ট্রান্সজেন্ডার স্মৃতি দিবসের সম্মানে।

পাশাপাশি, নির্বাহী চেম্বারের (Executive Chamber) পরামর্শে, কর্মচারী সম্পর্কের অফিস (Office of Employee Relations) একটি নতুন প্রশিক্ষণ ভিডিও তৈরি করেছে যা ট্রান্সজেন্ডার ও লিঙ্গ নন-কনফর্মিং কর্মচারীরা কর্মক্ষেত্রে যেই সমস্যার সম্মুখীন হয় তা নিরীক্ষা করে। এই ভিডিওটি সম্পূর্ণ স্টেটের কর্মীবাহিনীর জন্য ট্রান্স সম্প্রদায় সম্পর্কিত সাংস্কৃতিক পারদর্শিতা সম্পর্কে শিক্ষা দিতে ও তা বৃদ্ধি করতে ব্যবহার করা হবে, যা বাফেলো থেকে অ্যালবানি, নর্থ কান্ট্রি থেকে নিউ ইয়র্ক সিটি, এবং লং আইল্যান্ড পর্যন্ত মানুষের কাছে পৌঁছাবে।

কর্মচারী সম্পর্কের অফিসের স্টেটব্যাপী শিক্ষা ব্যবস্থাপনা সিস্টেমের (Statewide Learning Management System) লিঙ্গ পরিচিতি টুলকিটে (Gender Identity Toolkit) ইতিমধ্যে উপলভ্য থাকা তথ্যের ভিত্তিতে, কর্মক্ষেত্রে লিঙ্গ পরিচিত ভিডিওটি কর্মক্ষেত্রে সর্বনামের ব্যবহার, লিঙ্গ-নিরপেক্ষ ভাষা, কর্মক্ষেত্রের গোপনীয়তা ও জ্ঞাপন, এবং লিঙ্গভিত্তিক ক্ষুদ্র আগ্রাসনের মতো সমস্যাসমূহের ব্যাপারে আরো বিস্তারিত দৃষ্টি প্রদান করে। ভিডিওটি তৈরি হওয়ার শেষ পর্যায়ে রয়েছে এবং কর্মচারী সম্পর্কের অফিস নতুন প্রশিক্ষণটিকে 2023 ক্যালেন্ডার বছরে নির্বাহী শাখার কর্মচারীদের জন্য এর আবশ্যিক প্রশিক্ষণ কর্মসূচির অংশ করতে উন্মুখ।

জানুয়ারি মাসে, পারিবারিক সহিংসতা প্রতিরোধ অফিস (Office for the Prevention of Domestic Violence) LGBTQ+ এন্ডোর্সমেন্ট কর্মসূচির আবেদন প্রকাশ করবে পারিবারিক সহিংসতা বিষয়ক সেবাদানকারীদের (LGBTQ+ Endorsement Program for Domestic Violence Providers) জন্য। জুন মাসে গভর্নর হোকলের ঘোষিত এই এক বছর দীর্ঘ পাইলট কর্মসূচিটি পারিবারিক সহিংসতার ঘটনায় ট্রান্সজেন্ডার সম্প্রদায় যেই অনন্য সংগ্রামের সম্মুখীন হয় তা সমাধানে সাহায্য করবে।

কর্মসূচিটি লিঙ্গভিত্তিক সহিংসতার ভুক্তভোগী LGBTQ+ ব্যক্তিরা নিরাপত্তার খোঁজে যেইসব প্রতিবন্ধকতার সম্মুখীন হয় তা হ্রাস করতে নিবেদিত এবং অংশগ্রহণকারীদের এন্ডোর্সড কর্মসূচীসমূহের প্রথম কোহর্টে থাকার, বিশেষায়িত প্রশিক্ষণ এবং কারিগরি সহায়তা, এবং এর

বিকাশের ব্যাপারে মতামত প্রদানের সুযোগ প্রদান করবে। কর্মসূচিটি তৈরির জন্য, পারিবারিক সহিংসতা প্রতিরোধ অফিস অংশীদারিত্ব করেছে নিউ ইয়র্ক সিটি সহিংসতা বিরোধী প্রকল্পের (New York City Anti-Violence Project) সাথে এবং এই ফল মৌসুমে স্টেকহোল্ডারদের সাথে একটি শোনার সিরিজের মাধ্যমে LGBTQ+ এবং পারিবারিক সহিংসতা বিষয়ক সেবাদানকারীদের মতামত গ্রহণ করেছে।

স্বেচ্ছাসেবী উদ্যোগটি পারিবারিক সহিংসতা বিষয়ক কর্মসূচিসমূহকে তাদের সেবা, পলিসি এবং অনুশীলনে LGBTQ+ সমর্থক এবং অন্তর্ভুক্তিকর হিসেবে প্রত্যয়িত হওয়ার সুযোগ প্রদান করবে এবং স্টেটব্যাপী LGBTQ+ সম্প্রদায়ের প্রতি একটি নতুন প্রতিশ্রুতি প্রতিষ্ঠা করবে। একটি এন্ডোর্সমেন্ট পাওয়ার জন্য, কর্মসূচিগুলিকে দেখাতে হে যে তারা কর্মসূচি মানদণ্ডের একটি সেট মেনে চলে যার মধ্যে ট্রান্স এবং লিঙ্গ ননকনফর্মিং ভুক্তভোগীদের সেবা দেওয়ার মানদণ্ড থাকবে।

20 নভেম্বর, ট্রান্সজেন্ডার স্মৃতি দিবসের সম্মানে, যেই ল্যান্ডমার্কসমূহ আলোকিত হবে:

ওয়ান ওয়ার্ল্ড ট্রেড সেন্টার (One World Trade Center)
গভর্নর মারিও এম. কুওমো ব্রিজ (Mario M. Cuomo Bridge)
কস্কুইজকো ব্রিজ (Kosciuszko Bridge)
এইচ. কার্ল ম্যাককল সানি বিল্ডিং
রাষ্ট্রীয় শিক্ষা ভবন
আলফ্রেড ই. স্মিথ স্টেট অফিস বিল্ডিং (Alfred E. Smith State Office Building)
এম্পায়ার স্টেট প্লাজা
স্টেট ফেয়ারগ্রাউন্ডস - মেইন গেট অ্যান্ড এক্সপো সেন্টার
নায়াগ্রা জলপ্রপাত (Niagara Falls)
"ফ্রাঙ্কলিন ডেলানো রুজভেল্ট" মধ্য-হাডসন ব্রিজ
গ্র্যান্ড সেন্ট্রাল টার্মিনাল - পারশিং স্কয়ার ভায়াডাক্ট
অ্যালবেনি আন্তর্জাতিক বিমানবন্দর গেটওয়ে (Albany International Airport Gateway)
MTA LIRR - ইস্ট এন্ড গেটওয়ে যা পেন স্টেশনে আছে
ইরি ক্যানেলের উপর অবস্থিত ফেয়ারপোর্ট লিফ্ট ব্রিজ (Fairport Lift Bridge)

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418